**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 27-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে| অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে| অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে| এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে|

********************

**Health Secretary :**

রাজ্য সরকার আগরতলার জিবি হাসপাতাল ও সরকারী মেডিক্যাল কলেজে হৃদরোগ চিকিৎসায় CATH LAB স্থাপনে ১৩ কোটি টাকার মঞ্জুরি দিয়েছে। তাছাড়া আগরতলা সরকারী মেডিক্যাল কলেজে সুপার স্পেশালিটি হাসপাতালের জন্য আধুনিক সরঞ্জাম কিনতে ৫৬ কোটি টাকার অন্য একটি প্রকল্প নিয়ে রাজ্য সরকার বহি:রাজ্যের সংস্থার সঙ্গে আলোচনা করছে। গতকাল আগরতলা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে এই সংবাদ জানান।

********************

ICP Agartala :

বাংলাদেশে শেখ হাসিনার সরকার পতনের পর আগরতলা আই সি পি দিয়ে যাত্রী চলাচল কমলেও ব্যবসা বাণিজ্যে কোন প্রভাব পড়েনি। এই বিষয়ে একটি প্রতিবেদন।

############ Package Story ##########

*********************

**PM, Rojgar Mela :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, যুবসমাজ যখন জাতি গঠনে অংশগ্রহণ করে তখন জাতি দ্রুত বিকশিত হয় এবং বিশ্বে তার চিহ্ন তৈরি হয় তিনি বলেন, আজ দেশের যুবসমাজ তাদের কঠোর পরিশ্রম এবং উদ্ভাবনের মাধ্যমে বিশ্বকে দেখিয়ে দিচ্ছে যে জাতির সম্ভাবনা কতটা রয়েছে। গতকাল ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে বিভিন্ন সরকারি দপ্তরে নবনিযুক্ত ৫১ হাজারেরও বেশি যুবক-যুবতীকে নিয়োগপত্র বিতরণের পর রোজগার মেলায় ভাষণ দিচ্ছিলেন প্রধানমন্ত্রী। উল্লেখ্য গতকাল সারা দেশের ৪৭টি স্থানে পঞ্চদশ রোজগার মেলা অনুষ্ঠিত হয়েছে।

*********************

**CPIM :**

সিপিআইএমের ডাকে গতকাল আগরতলার ওরিয়েন্ট চৌমুহনীতে সন্ত্রাসবাদ, সাম্প্রদায়িকতা ও বিভাজনের বিরুদ্ধে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। প্রধান বক্তার ভাষনে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার কাশ্মীরের পেহেলগামে গণহত্যা ঘটনার তদন্তের দাবি করেছেন। তিনি দাবি করেন এই ঘটনার পেছনে অনেক বড় ষড়যন্ত্র লুকিয়ে আছে। তিনি বলেন এই সময় বিভাজন তৈরীর নয়।

সবাইকে একসঙ্গে মিলে সন্ত্রাসবাদ মোকাবেলা করতে হবে। সমাবেশে এছাড়া ভাষণ রাখেন সিপিআইএম রাজ্য কমিটির নেতা মানিক দে এবং রতন দাস।

**********************

**Congress-Kailashahar :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহার উপস্থিতিতে গতকাল কৈলাশহর কংগ্রেস ভবনে এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দলীয় কর্মসূচি নিয়ে আলোচনা ও মতবিনিময় হয়। সেখানে উপস্থিত ছিলেন পি,সি,সি সদস্য রুদ্রেন্দু ভট্টাচার্য, জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান প্রমুখ।

**********************

**Detain 4 bangladeshi** :

বেআইনি অনুপ্রবেশের অভিযোগে গতকাল আগরতলা রেল ষ্টেশনে চার বাংলাদেশি নাগরিক ধরা পড়েছে। তারা ট্রেনে করে রাজ্যের বাইরে পাড়ি দেওয়ার জন্য আগরতলা রেল ষ্টেশনে আসে। অভিযুক্তদের আজ আদালতে সোপর্দ করা হবে |

**********************

**Detain 5 tout :**

রেলপুলিশ গতকাল পাঁচজন মানব পাচারকারীকে গ্রেফতার করেছে। আগরতলার জিআরপি থানার ওসি তাপস দাস জানান, সোনামুড়া মহকুমার কাঠালিয়ামুড়া, উড়মাই, মাজিদাবাড়ি ও বিরামপুর এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়েছে। মানব পাচারের দুটি মামলায় অভিযুক্ত এই ব্যক্তিরা দীর্ঘদিন ধরে পলাতক ছিল বলে জানান ওসি। তিনি জানান ধৃতদের পুলিশ রিমান্ডে এনে জিজ্ঞাসাবাদ করা হবে।

**********************

**First Division :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সন্তোষ ট্রফি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার গতকাল তিনটি খেলা হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে পোলস্টার ক্লাব ১০০ রানে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে, মেলাঘরের মাঠে শতদল সংঘ ২ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে কসমোপলিটান ক্লাব ৬ উইকেটে ইউনাইটেড বি এস টি'কে পরাজিত করে।

*********************

**Weather:**

আজ আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু স্থানে বজ্রবিদ্যুৎ-সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি| আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৬ ডিগ্রি সেলসিয়াস।

**********************

*****************